

প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বেতন বৃদ্ধির দাবি

আন্দোলন কর্মসূচি ঘোষণা

■ ইত্তেফাক রিপোর্ট

প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের বেতন বৃদ্ধির দাবিতে আন্দোলন কর্মসূচি ঘোষণা করেছে প্রাথমিক শিক্ষক সমিতি সহকারী শিক্ষক ফোরাম। মঙ্গলবার ঢাকা রিপোর্টস ইউনিটতে আয়োজিত সাংবাদিক সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করা হয়।

কর্মসূচির মধ্যে রয়েছে ৩ এপ্রিল সকাল ১০টা থেকে ২ ঘণ্টা ৩৫ থেকে ১০ এপ্রিল পর্যন্ত সকাল ১০টা থেকে তিন ঘণ্টা কর্মবিরতি, ১৩ এপ্রিল সকাল ১০ টা থেকে ২ টা পর্যন্ত প্রত্যেক জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে প্রতীকী অনশন, ১৫ এপ্রিল থেকে ২০ এপ্রিল প্রধানমন্ত্রী বরাবরে আবেদন প্রেরণের জন্য স্বাক্ষর সংগ্রহ এবং ৩ মে থেকে ১০ মে ১০ টা থেকে ৪ ঘণ্টা কর্মবিরতি।

সম্মেলনে শিক্ষকরা বলেন, প্রধান শিক্ষকের পদকে দ্বিতীয় শ্রেণির মর্ফাডাসহ সহকারী শিক্ষক থেকে তিন ধাপ বেশি বেতন নির্ধারণ করা হয়েছে। এ কারণে দেশের ৩ লাখ সহকারী শিক্ষকের মধ্যে হতাশা বিরাজ করেছে। এ সময় ফোরামের আহ্বায়ক ওহিদুর রহমান, সদস্য সচিব আবদুল হক প্রমুখ উপস্থিত ছিলেন।